

বন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ ধামইরহাট, নওগাঁ

এতদ্বারা বন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ধামইরহাট, নওগাঁ এর সকল সদস্যগণ কে জানানো যাচ্ছে যে, আগামী ০৩/১০/২০২০ খ্রি. তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে সমিতির কার্যালয়ে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে সমগ্র নির্বাচনী এলাকা হতে মোট ০৬(ছয়) জন সদস্য, সমিতির চূড়ান্ত ভোটার গণের ভোটে নির্বাচিত হবেন। ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিটির ২৭/০৮/২০২০ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী নিম্নরূপ তফসীল ঘোষণা করা হ'ল।


ক্রঃ নং	বিবরণ/কর্মসূচী	স্থান	তারিখ	সময়
০১	০২	০৩	০৪	০৫
০১	মনোনয়নপত্র বিতরণ	সমিতির কার্যালয়ে	০৩/০৯/২০২০ খ্রি:	সকাল ১০ ঘটিকা হতে বিকাল ৩ ঘটিকা পর্যন্ত।
০২	মনোনয়নপত্র দাখিল	সমিতির কার্যালয়ে	০৬/০৯/২০২০ খ্রিঃ	সকাল ১০ ঘটিকা হতে বিকাল ৩ ঘটিকা পর্যন্ত।
০৩	মনোনয়নপত্র বাছাই	সমিতির কার্যালয়ে	০৮/০৯/২০২০ খ্রি.	সকাল ১০ ঘটিকায়
০৪	প্রার্থীদের খসড়া তালিকা প্রকাশ	সমিতির কার্যালয়ে	১০/০৯/২০২০ খ্রি.	বিকাল ৩ ঘটিকায়
০৫	বাতিলকৃত মনোনয়ন পত্রের উপর আপীল গ্রহণ	জেলা সমবায় অফিসার, নওগাঁ	১৩/০৯/২০২০ খ্রি. হতে ১৪/০৯/২০২০ খ্রি.	অফিস চলাকালীন সময়ে
০৬	আপীলের ক্ষেত্রে শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান	জেলা সমবায় অফিসার, নওগাঁ	২০/০৯/২০২০ খ্রি. হতে ২১/০৯/২০২০ খ্রি.	জেলা সমবায় অফিসার, নওগাঁ কর্তৃক নির্ধারিত সময়ে
০৭	প্রার্থীপদ প্রত্যাহার	সমিতির কার্যালয়ে	২৩/০৯/২০২০ খ্রি.	বিকাল ৩ ঘটিকায়
০৮	প্রতীক বরাদ্দ এবং একাধিক প্রার্থী একই প্রতীক নির্বাচনের ক্ষেত্রে লটারীর মাধ্যমে বরাদ্দ করন	সমিতির কার্যালয়ে	২৭/০৯/২০২০ খ্রি.	সকাল ১০.০০ ঘটিকায়
০৯	চূড়ান্ত বৈধ প্রার্থী তালিকা প্রকাশ	সমিতির কার্যালয়ে	২৯/০৯/২০২০ খ্রি.	বেলা ৩.০০ ঘটিকা
১০	ভোট গ্রহণ	সমিতির কার্যালয়ে	০৩/১০/২০২০ খ্রি.	সকাল ১১.০০ টা হতে বিকাল ২.০০ টা পর্যন্ত ভোটগ্রহণ
১১	ভোট গণনা ও ও ফলাফল প্রকাশ	সমিতির কার্যালয়ে	০৩/১০/২০২০ খ্রি.	ভোট গ্রহণ শেষে

:নির্বাচনে অংশ গ্রহণকারী প্রার্থীর জন্য জ্ঞাতব্য বিষয়াদি ও শর্তাবলী নিম্নরূপ:

- ০১। নির্বাচনী এলাকাঃ সদস্য পদে সমগ্র নির্বাচনী এলাকা থেকে সমিতির সদস্য প্রার্থী মনোনয়নপত্র ক্রয় করতে পারবেন।
- ০২। মনোনয়নপত্র প্রাপ্তি প্রসংগেঃ মনোনয়নপত্র তফসীলে নির্ধারিত তারিখে ও সময়ে নির্বাচন কমিটির নিকট থেকে সমিতির কার্যালয় হতে গ্রহণ করা যাবে এবং পূরণকৃত মনোনয়নপত্র নির্বাচন কমিটির নিকট দাখিল করা যাবে ও নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের জন্য নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে জেনে নেওয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ০৩। উপ-আইন মোতাবেক প্রার্থী নির্বাচনী এলাকার হতে হবে।
- ০৪। প্রার্থীর বয়স কমপক্ষে ২১ বৎসর হতে হবে।
- ০৫। যদি অত্র সমবায় সমিতি হতে কোন প্রকার ঋণ গ্রহণ করে ঋণ খেলাপী হয়ে থাকেন তাহা হলে তিনি প্রার্থী হতে পারবেন না।
- ০৬। যথোপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃষ হন তাহা হলে প্রার্থী হতে পারবেন না।
- ০৭। কোন সদস্য অত্র নির্বাচন অনুষ্ঠানের পূর্বে সমিতির সদস্য হিসাবে ১২ মাস বয়স না হলে নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।
- ০৮। অসম্পূর্ণ, কাটা, ছেড়া, ঘসামাজা, ফ্লুইড ব্যবহার করা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। প্রার্থীগণ নিম্নলিখিত প্রতীক ব্যবহার করতে পারিবেন।

(১) চেয়ার, (২) আম (৩) বই (৪) মাছ (৫) ঘড়ি (৬) ফুটবল (৭) মই

- ১০। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৪ বিধি এবং সমিতির উপ-আইন মোতাবেক যোগ্যতা না থাকিলে নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।
- ১১। মনোনয়ন ফরমের মূল: ক) সভাপতি-১০০০/-, সহ-সভাপতি-৮০০/-, সম্পাদক-৬০০/- এবং সদস্য-৪০০/-
- ১২। নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত যে কোন তথ্যের জন্য নির্বাচন কমিটির সভাপতির সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।



সভাপতি

নির্বাচন কমিটি

বন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি


লিঃ, ধামইরহাট, নওগাঁ

তারিখঃ ২৭/০৮/২০২০ খ্রি.

স্মারক নং-

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'লঃ

- ০১। জনাব.....সদস্য, বন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ধামইরহাট, নওগাঁ।
- ০২। উপজেলা সমবায় অফিসার, ধামইরহাট, নওগাঁ।
- ০৩। জেলা সমবায় অফিসার, নওগাঁ।
- ০৪। নোটিশ বোর্ড।



সভাপতি

নির্বাচন কমিটি

বন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি

লিঃ, ধামইরহাট, নওগাঁ